

১৫তম প্রিপারেশন অফ রিপোর্টস অ্যান্ড রাইট আপস কোর্স সম্পন্ন



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) এর ব্যবস্থাপনায় “১৫তম প্রিপারেশন অব রিপোর্টস অ্যান্ড রাইট-আপস” কোর্স বিএসটিডি’র সভা কক্ষে ২৪-২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সন্ধ্যা ৭:০০ টায় থাই-সী রেস্টুরেন্ট, বিজয় সরণি, ঢাকায় কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। পবিত্র কুরআন তিলাওয়াত করেন বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপক জনাব মোঃ আবুল বাশার মিজি। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষার্থী কর্মকর্তাগণের মধ্যে সনদ বিতরণ করেন বিএসটিডি’র সম্মানিত সভাপতি জনাব এম জানিবুল হক। উক্ত কোর্সে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান থেকে মোট ১৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রতিষ্ঠানগুলো হচ্ছে (১) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) (২) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক (৩) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় (৪) সোনালী ব্যাংক পিএলসি, (৫) জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড (৬) বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড (৭) জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) এবং (৮) পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া।

কোর্স প্রতিবেদন উপস্থাপন করেন বিএসটিডি’র নির্বাহী কর্মকর্তা ও কোর্স পরিচালক জনাব মুহাম্মদ জিল্লুর রহমান। কোর্সের প্রি ও পোস্ট টেস্ট এবং কোর্স মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন বিএসটিডি’র নির্বাহী কমিটির সদস্য বেগম তাহামিন বানু। এ কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তা জনাব অসীম কুমার সরকার, উপপরিচালক, বার্ড, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর ব্যবস্থাপক জনাব মোঃ মসুদ রানা এবং সোনালী ব্যাংক পিএলসি এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব পারভেজ মোঃ চৌধুরী প্রমুখ। এ প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রশিণার্থী কর্মকর্তাগণের কর্মক্ষেত্রে এবং পেশাগত মান উন্নয়নে সহায়ক হবে বলে তাঁরা অভিমত ব্যক্ত করেন।

সমাপনী অনুষ্ঠানে বিএসটিডি’র সম্মানিত পর্ষদ সদস্যবর্গ এবং স্পীকারবৃন্দ উপস্থিত ছিলেন। ধন্যবাদ জ্ঞাপন করেন বিএসটিডি’র সম্মানিত মহাসচিব জনাব এম খায়রুল কবীর। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।